# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১৪০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস, হাদীসে অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, ইমামের জন্য মুক্তাদীদের থেকে উঁচু জায়গায় সালাত আদায় করা জায়েয নেই

ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّ صَلَاةَ الْإِمَامِ عَلَى مَوْضِعٍ أَرْفَعَ مِنَ الْمَأْمُومِينَ غَيْرُ جَائِزَةٍ

---

আরবী

2140 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا الرَّبِيعُ بْنُ سُلَيْمَانَ عَنِ الشَّافِعِيِّ قَالَ: أَخْبَرَنَا سُفْيَانُ عَنِ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ هَمَّامٍ قَالَ: صَلَّى بِنَا حُذَيْفَةُ عَلَى دُكَّانٍ مُرْتَفِعٍ فَسَجَدَ عَلَيْهِ فَجَبَذَهُ أَبُو مَسْعُودٍ فَتَابَعَهُ حُذَيْفَةُ فَلَمَّا قَضَى الصَّلَاةَ قَالَ أَبُو مَسْعُودٍ: أَلَيْسَ قَدْ نُهِيَ عَنْ هَذَا فَقَالَ لَهُ حُذَيْفَةُ أَلَمْ تَرَنِي قد تابعتك؟

الراوي : هَمَّام | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2140 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (610).

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: إِذَا كَانَ الْمَرْءُ إِمَامًا وَأَرَادَ أَنْ يُصَلِّيَ بقوم حديثٍ عَهْدُهُمْ بِالْإِسْلَامِ ثُمَّ قَامَ عَلَى موضعٍ مرتفعٍ مِنَ الْمَأْمُومِينَ لِيُعَلِّمَهم أَحْكَامَ الصَّلَاةِ عِيَانًا كَانَ ذَلِكَ جَائِزًا عَلَى مَا فِي خَبَرِ سَهْلِ بْنِ سَعْدٍ وَإِذَا كَانَتْ هَذِهِ الْعِلَّةُ مَعْدُومَةً لَمْ يُصَلِّ عَلَى مَقَامٍ أَرْفَعَ مِنْ مَقَامِ الْمَأْمُومِينَ عَلَى مَا فِي خَبَرِ أَبِي مَسْعُودٍ حَتَّى لَا يَكُونَ بَيْنَ الْخَبَرَيْنِ تضادٌّ وَلَا تهاترٌ.

বাংলা

২১৪০. হাম্মাম রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু উঁচু জায়গায় থেকে আমাদের সাথে সালাত আদায় করেন। অতঃপর তার উপর সাজদা করেন। তখন আবূ মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু তাঁকে

টান দেন। হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু তাঁর অনুসরণ করেন। অতঃপর যখন সালাত শেষ করেন, তখন আবূ মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “এরকম করতে কি নিষেধ করা হয়নি?” জবাবে হুযাইফা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “আপনি কি আমাকে দেখেননি যে, আমি আপনার অনুসরণ করেছি?”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “যখন কোন ব্যক্তি ইমাম হবেন, আর তিনি যদি এমন লোকদের ইমামতি করতে চান, যারা নবমুসলিম, অতঃপর তিনি মুক্তাদীদের থেকে যদি উঁচু জায়গায় দাঁড়ান যাতে তিনি তাদেরকে সরাসরি সালাত শিক্ষা দিতে পারেন, তবে তার কাজটি সাহল বিন সা‘দ রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসের ভিত্তিতে জায়েয। আর যদি এরকম  কোন কারণ না থাকে, তবে আবূ মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহুর হাদীসের ভিত্তিতে ইমাম মুক্তাদীদের থেকে উঁচু জায়গায় দাঁড়াবে না- এভাবে দুই হাদীসের মাঝে সমন্বয় করে আমল করবে, যাতে উভয় হাদীসের মাঝে কোন রকম বৈপরীত্ব না থাকে।”

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১৫২৩; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/১৩৭-১৩৮; সুনান বাইহাকী: ৩/১০৮; বাগাবী: ৮৩১; আবূ দাঊদ: ৫৯৭; ইবনুল জারূদ: ৩১৩; হাকিম: ১/২১০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২৬২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৯০৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৬১০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ হাম্মাম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91458

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন